গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কছ ৮৬৬৯২২৭

এ.বি.এম, নুর-উজ্-জামান
সাব-রেজিস্ট্রার
ফরিদপুর সদর, ফরিদপুর।

পে-অর্ডার নং ০২২৭১৪০
তারিখ ১৩।৭।১৬
সোনালী ব্যাংক প্রধান শাখা, ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।

স্থানীয় কর-
পৌর-
জেলা-

১% হারে উৎসকর বাবদ ১৩৫০০/- টাকা
০২২৭১৪২ নং
ফরিদপুর শাখায়

ফরিদপুর শাখা।
০২২৭১৪১ তাং ১৩।৭।১৬

দলিলের ক্রমিক নং ৫৮৬৫ বহি নং ১ দলিল নং ৫৬৪২

১। রেজিস্ট্রী অফিসের নাম ঃ সদর সাব-রেজিস্ট্রী অফিস, ফরিদপুর।

২। দলিলের সার সংক্ষেপ ঃ

| দলিলের প্রকৃতি | জে.এল নম্বর ও মৌজা | ইউনিয়ন | থানা/উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| সাফ কবলা | ৯৯ নং কৈজুরী | কৈজুরী | ফরিদপুর সদর | ফরিদপুর |

| হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ (অংকে ও কথায়) | জমির শ্রেণী | হস্তান্তরিত সম্পত্তির মুল্য (অংকে ও কথায়) |
|---|---|---|
| অংকে :- ২৭.০০ শতাংশ। | নাল | অংকে :- ১৩,৫০,০০০/- টাকা |
| কথায় : সাতাশ শতাংশ জমি মাত্র। | | কথায় : তের লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র। |

নং ৩০৭৬ তাং ৭/১১/১৫

মূল্য ৳১০০/-

নাম মোহাম্মদ আলী খান

সাং ...

আবুল কালাম আজাদ
স্ট্যাম্প ভেন্ডার
মোকামঃ ফরিদপুর।

মোহাম্মদ আলী খান

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৬/৭/১৫

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

মোহাম্মদ আলী খান

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৬/৭/১৫

৩। দলিল গ্রহীতা/গ্রহিতাগণের নাম ও ঠিকানা ঃ **“আব্দুল করিম লিঃ” সাং- ঝিলটুলী, ফরিদপুর পক্ষে - ব্যবস্থাপনা পরিচালক**



নাম ঃ **মোঃ ওয়াহিদ মিয়া**
পিতার নাম ঃ মরহুম আলহাজ্ব আব্দুল করিম মিয়া
মাতার নাম ঃ মোসাঃ জবেদা বেগম
বয়স ও জন্ম তারিখ ঃ ০৪/১১/১৯৭১ ইং
ধর্ম ঃ ইসলাম
পেশা ঃ ব্যবসা
জাতীয়তা ঃ বাংলাদেশী
জাতীয় পরিচিতি নং ঃ ২৯২৪৭০৪১৩৩৩৩৪

স্থায়ী ঠিকানা ঃ
গ্রাম/রোডঃ ঝিলটুলী (ফরিদপুর শহর), ডাকঘর ঃ ফরিদপুর, উপজেলা- ফরিদপুর সদর, জেলা ঃ ফরিদপুর।

বর্তমান ঠিকানা ঃ
গ্রাম/রোডঃ ঝিলটুলী (ফরিদপুর শহর), ডাকঘর ঃ ফরিদপুর, উপজেলা- ফরিদপুর সদর, জেলা ঃ ফরিদপুর।

৪। দলিল দাতা/দাত্রীগণের নাম ও ঠিকানা ঃ



নাম ঃ **মোহাম্মদ আলী খান**
পিতার নাম ঃ মোঃ ছাইদ আলী খান
মাতার নাম ঃ মরহুমা মাহেরা আক্তার বেগম
বয়স ও জন্ম তারিখ ঃ ০৩/০২/১৯৫৯ইং
ধর্ম ঃ ইসলাম
পেশা ঃ ব্যবসা
জাতীয়তা ঃ বাংলাদেশী
জাতীয় পরিচিতি নং ঃ ২৯২৪৭০৪১৩০৯৪৩

স্থায়ী ও বর্তমান ঠিকানা ঃ
বাসা/হোল্ডিং নং- ১/১, ফরিদশাহ্ রোড, ঝিলটুলী, ডাকঘর- ফরিদপুর, উপজেলা- ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর।

৫। আম-মোক্তার/ প্রতিনিধি/ অভিভাবকের মাধ্যমে দলিল সম্পাদিত হইয়া থাকিলে তাহার/ তাহাদের নাম, ঠিকানা ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ প্রযোজ্য নহে।

৬। আম-মোক্তার নামার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ প্রযোজ্য নহে।

৭। হস্তান্তরধীন জমির ন্যুনতমপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ: (যথাযথ ক্ষেত্রে ওয়ারিশ ও বায়া দলিল সমূহের বিস্তারিত বিবরণ) এবং হস্তান্তরের উদ্দেশ্যে, সম্পত্তির দখল, ইজমেন্ট, স্বত্ব এবং হস্তান্তর সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্য (যদি থাকে) সম্পর্কিত বিবরণ ঃ

হস্তান্তরিত সম্পত্তির ২৫ বছরের ধারাবাহিক বিবরণ : রেজিষ্ট্রার ও জেলা ফরিদপুর, সাব রেজিষ্ট্রার ও উপজেলা ফরিদপুর সদর অধীন ৯৯ নং কৈজুরী মৌজার মধ্যে আর.এস জরিপের ১৪৯৮ নং খতিয়ানভূক্ত ২৭.০০ শতাংশ জমির বাবদ যে রায়তী জমা জহিরদ্দিন শেখ ওরফে জহিরদ্দিন মোল্যা ও মনিরদ্দিন শেখ ওরফে মনিরদ্দিন মোল্যা নামে লেখা যায়, তাহাতে উক্ত জহিরদ্দিন শেখ ওরফে জহিরদ্দিন মোল্যা ও মনিরদ্দিন শেখ ওরফে মনিরদ্দিন মোল্যা আর.এস জরিপের রেকর্ডীয় সূত্রে স্বত্ববান ও দখলকার নিয়ত থাকেন। অতঃপর উক্ত জহির উদ্দিন শেখ ওরফে জহির উদ্দিন মোল্যা আর.এস. জরিপের রেকর্ডীয় সূত্রে .৫০০ অংশে ১৩.৫০ শতাংশ জমিতে স্বত্ববান ও দখলকার

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয় ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৬/৫/১৮

থাকাবস্থায় তাহার নিকট হইতে উক্ত ১৩.৫০ শতাংশ জমি সুরবালা ওরফে সুরমালা (শশিনী ভূক্ত) দাখিলা মূলে পত্তন লইয়া স্বত্ববতী ও দখলকারিনী নিয়ত থাকেন। ততঃপর উক্ত মনিরদ্দিন শেখ ওরফে মনিরদ্দিন মোল্যা আর.এস জরিপের রেকর্ডীয় সূত্রে .৫০০ অংশে ১৩.৫০ শতাংশ জমি এবং সুরবালা ওরফে সুরমালা (শশিনী ভূক্ত) দাখিলা মূলে পত্তন লইয়া উক্ত ১৩.৫০ শতাংশ জমি, মোট ২৭.০০ শতাংশ জমি এস.এ ১৫২৯ নং খতিয়ানে উক্ত মনিরদ্দিন শেখ ওরফে মনিরদ্দিন মোল্যা ও সুরবালা ওরফে সুরমালা (শশিনী ভূক্ত) নিজ নামে রেকর্ডভূক্ত করাইয়া রেকর্ডীয় সূত্রে স্বত্ববান,স্বত্ববতী, দখলকার ও দখলকারিনী নিয়ত থাকেন। অতঃপর উক্ত সুরবালা ওরফে সুরমালা (শশিনী ভূক্ত) এস.এ রেকর্ডীয় সূত্রে .৫০০ অংশে উক্ত ১৩.৫০ শতাংশ জমিতে স্বত্ববতী ও দখলকারিনী থাকিয়া একমাত্র পুত্র সুধীর কুমার ভক্তকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমণ করায় তৎত্যাক্ত সম্পত্তি উক্ত সুধীর কুমার ভক্ত মাতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া স্বত্ববান ও দখলকার নিয়ত থাকেন। ততঃপর উক্ত সুধীর কুমার ভক্ত মাতার ওয়ারিশ সূত্রে প্রাপ্ত ১৩.৫০ শতাংশ জমি ও উক্ত মনিরদ্দিন শেখ ওরফে মনিরদ্দিন মোল্যা আর.এস ও এস.এ রেকর্ডীয় সূত্রে প্রাপ্ত ১৩.৫০ শতাংশ জমি, মোট ২৭.০০ শতাংশ জমিতে স্বত্ববান ও দখলকার থাকাবস্থায় তাহাদের নিকট হইতে উক্ত ২৭.০০ শতাংশ জমি আমার পূববর্তী শেখ নুরুদ্দীন বিগত ইং ১৫/১০/১৯৭৩ তারিখের অত্র অফিসের রেজিষ্ট্রীকৃত ৮৮৮৬ নং খোষ কবলা দলিল মূলে খরিদ করিয়া খরিদা সূত্রে স্বত্ববান ও দখলকার থাকাবস্থায় তাহার নিকট হইতে উক্ত ২৭.০০ শতাংশ জমি আমি অত্র সাফ কবলা দলিল দাতা বিগত ইং ৩০/০৮/১৯৭৪ তারিখের অত্র অফিসের রেজিষ্ট্রীকৃত ৭৫৩৭ নং খোষ কবলা দলিল মূলে খরিদ করিয়া খরিদা সূত্রে বর্তমান বি.এস জরিপের বি.এস ৮৬০ নং খতিয়ানে আমার নিজ নামে রেকর্ডভূক্ত করাইয়া রেকর্ডীয় সূত্রে ১ (ষোল আনা) অংশে স্বত্ববান ও দখলকার আছি। তাহাই বিক্রীত সম্পত্তি বটে। মালেক বাংলাদেশ সরকার পক্ষে সহকারী কমিশনার (ভূমি) সদর, ফরিদপুর।

হস্তান্তরের প্রকৃত উদ্দেশ্যঃ পরম করুনাময়ের নামে আরম্ভ করিতেছি। আমার নগদ টাকার আবশ্যক হওয়ায় আবশ্যকীয় টাকা অন্য কোন উপায়ে সংগ্রহ করিতে না পারায় আমার স্বত্ব দখলীয় উল্লেখিত তফসীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করার প্রকাশ্য ঘোষণা দেওয়ায় "আব্দুল করিম লিঃ" এর অর্থে ও স্বার্থে আপনি তাহা খরিদ করিতে ইচ্ছুক হওয়ায় আপনার সহিত বাজার দর সর্বোচ্চ মূল্য ১৩,৫০,০০০/- (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা স্থির সাব্যস্থ্যে মূল্যের সম্পূর্ণ টাকা অদ্য আপনার নিকট হইতে নগদ গ্রহণে "আব্দুল করিম লিঃ" বরাবর সাফ বিক্রয় করিয়া সর্ব স্বত্ব ও দখলত্যগি হইলাম। অদ্য হইতে আপনি আমার সর্ব প্রকার স্বত্বে স্বত্ববান, দখলকার হইয়া মালেক সেরেস্তায় আমার নামের স্থলে "আব্দুল করিম লিঃ" এর নামে নাম পত্তন করাইয়া উহার উন্নতিকল্পে যদৃচ্ছা ক্ষমতা পরিচালনা পূর্বক দখলভোগ করিতে থাকিবেন। কশ্মিন কালেও এই বিক্রিত সম্পত্তি আমি কিংবা আমার অন্য কোন ওয়ারিশগণের মধ্যে কেহ কোন প্রকার দাবী দাওয়া করি কিংবা করে তাহা সর্ব আদালতে সর্বোতভাবে অগ্রাহ্য হইবে। এই সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধক, হেবা নামা ইত্যাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর কিংবা দায় সংযোগ করি নাই। সম্পূর্ণ দায়মুক্ত অবস্থায় "আব্দুল করিম লিঃ" এর বরাবর বিক্রয় করিলাম। ভবিষ্যতে যদি উক্ত কোন প্রকার কার্যকরা প্রকাশ পায়, তাহা হইলে আমি আইনতঃ মুল্যের সমুদয় টাকা ময় ক্ষতিপুরণসহ ফেরত দিতে বাধ্য থাকিব।

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৩/৭/১৬

৮। একাধিক ক্রেতা/গ্রহীতার ক্ষেত্রে ক্রয়কৃত/অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণ (যদি থাকে)ঃ প্রয়োজ্য নহে।

৯। একাধিক বিক্রেতা/ দাতার ক্ষেত্রে হস্তান্তরিত জমির হারাহারি মালিকানার বিবরণঃ প্রযোজ্য নয়।

১০। হস্তান্তরিত দলিল সম্পাদনের তারিখ (বাংলা ও ইংরেজী)ঃ বাংলা:- ১৪২৩ সনের ২৭শে আষাঢ়, ইংরেজী:- ১১/০৭/২০১৬ (এগার/সাত/ দুই হাজার ষোল)।

১১। হস্তান্তরিত সম্পত্তির তফসীল ঃ

| | |
|---|---|
| জেলা ঃ ফরিদপুর। | মৌজা ঃ কৈজুরী। |
| উপজেলা ঃ ফরিদপুর সদর। | জে.এল নং ঃ ৯৯ |
| ইউনিয়ন ঃ কৈজুরী। | খতিয়ান নং ঃ আর.এস ১৪৯৮ এস.এ ১৫২৯, বি.এস ৮৬০ |
| গ্রাম ঃ কৈজুরী। | দাগ নং- আর.এস ও এস.এ ১০১৭ (এক হাজার সতের) নং দাগ যাহা বি.এস ১০০১ (এক হাজার এক) নং দাগ নাল জমি ১ (ষোল আনা) অংশে বিক্রিত জমি ২৭.০০ (সাতাশ) শতাংশ। |
| ভূমি অফিসের নাম ও বিবরণ ঃ কৈজুরী ইউ.পি ভূমি অফিস, সদর, ফরিদপুর। | |


১২। সম্পত্তির চৌহদ্দির বিবরণ :

| | |
|---|---|
| উত্তর ঃ বি.এস ৯৯৫ নং দাগ | দক্ষিণ ঃ বি.এস ১০৫৯ নং দাগ |
| পূর্ব ঃ বি.এস ১০০২ নং দাগ | পশ্চিম ঃ বি.এস ১০০০ নং দাগ |

১৩। হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ (অংকে ও কথায়)ঃ ২৭.০০ (সাতাশ) শতাংশ জমি মাত্র।

১৪। হস্তান্তরিত সম্পত্তির বাজার মূল্য এবং পরিশোধের বিবরণ (যদি থাকে) অংকে ও কথায় ১৩,৫০,০০০/- (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। নগদ পরিশোধ।

১৫। হস্তান্তরিত সম্পত্তির হাত নকশা ও পরিমাপ ঃ



১৬। কৈফিয়ত যদি থাকে ঃ

১৭। দলিল পাঠ করিয়া/ করাইয়া আমি/ আমরা উহার মর্ম অবগত ও সম্মত হইয়া স্বাক্ষর করিলাম :
দাতা/ দাত্রীগণের স্বাক্ষর ঃ

গ্রহীতা/ গ্রহীতাগণের স্বাক্ষর ঃ "আব্দুল করিম লিঃ" পক্ষে ব্যবস্থাপনা পরিচালক।

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
২৫/৭/১৬

১৮। স্বাক্ষী/ স্বাক্ষীগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (০১) নাম | ঃ | মোঃ সিরাজুল ইসলাম | স্বাক্ষর | ঃ | মোঃ সিরাজুল ইসলাম |
| পিতার নাম | ঃ | মোঃ আকরাম মোল্যা | ও | | |
| মাতার নাম | ঃ | মোসাঃ হাচিনা বেগম | তারিখ | ঃ | ১১/০৭/২০১৬ ইং। |
| গ্রাম/রোড নং | ঃ | ঝিলটুলী, ফরিদপুর শহর | ডাকঘর | ঃ | ফরিদপুর। |
| উপজেলা/থানা | ঃ | ফরিদপুর সদর। | জেলা | ঃ | ফরিদপুর। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (০২) নাম | ঃ | অশোক কুমার বিশ্বাস | স্বাক্ষর | ঃ | অশোক কুমার বিশ্বাস |
| পিতার নাম | ঃ | ধীরেন্দ্র নাথ বিশ্বাস | ও | | |
| মাতার নাম | ঃ | মৃত মায়ারানী বিশ্বাস | তারিখ | ঃ | ১১/০৭/২০১৬ ইং |
| গ্রাম/রোড নং | ঃ | ব্রাক্ষ্মনকান্দা | ডাকঘর | ঃ | শ্রী অঙ্গন |
| উপজেলা/থানা | ঃ | ফরিদপুর সদর। | জেলা | ঃ | ফরিদপুর। |

১৯। সনাক্তকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম | ঃ | মোঃ সোলায়মান | স্বাক্ষর | ঃ | মোঃ সোলায়মান |
| পিতার নাম | ঃ | মরহুম গোলাম রসুল | ও | | |
| মাতার নাম | ঃ | মরহুমা রাবেয়া বেগম | তারিখ | ঃ | ১১/০৭/২০১৬ ইং |
| গ্রাম/রোড নং | ঃ | মসজিদ বাড়ী সড়ক, ঝিলটুলী | | | |
| উপজেলা/থানা | ঃ | ফরিদপুর সদর। | ডাকঘর | ঃ | ফরিদপুর |
| জাতীয় পরিচিতি নম্বর | ঃ | ২৯২৪৭০৪১২৮৭৫৫ | জেলা | ঃ | ফরিদপুর। |

২০। হস্তান্তরিত সম্পত্তির সঠিক পরিচয় এবং বাজার মূল্য সম্পর্কে সম্যক অবহিত হইয়া আমি নিম্নস্বাক্ষরকারী অত্র দলিলের মুসাবিদা করিয়াছি/ লিখিয়া দিয়াছি এবং পক্ষগণকে পাঠ করিয়া শুনাইয়াছি।

দলিলটি শপথসহ ০৮ ফর্দে লিখিত।

মুসাবিদাকারক বা দলিল লেখকের পূর্ণ নাম, ঠিকানা ও দলিল লেখকের সনদ নং (অফিসের নামসহ)

মোঃ সাইফুল ইসলাম
(মোঃ সাইফুল ইসলাম)

পূর্ণ ঠিকানা ঃ পিতা- মরহুম আলহাজ্ব কোরবান মোল্যা।

সাং- চর বালুধূম, ডাকঘর- মমিন খার হাট, উপজেলা- ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর।

সনদ নং ঃ ১৯/৯৩, সদর সাব-রেজিস্ট্রী অফিস, ফরিদপুর।

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৭/৭/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কছ

৮৬৬৯২২৮

## *হলফনামা*

২১। রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১৪২ নং আদেশ, ১৯০৮ সনের রেজিষ্ট্রেশন আইনের section 52A(g) এবং ১৮৮২ সনের সম্পত্তি হস্তান্তর আইনের section 53E অনুসারে প্রদত্ত হলফনামা :

বরাবর,

সদর সাব রেজিস্ট্রার, ফরিদপুর।

হলফকারী/হলফকারীগণের নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা ও জন্ম তারিখ ঃ মোহাম্মদ আলী খান, পিতা- মোঃ ছাইদ আলী খান, বাসা/হোল্ডিং নং- ১/১, ফরিদশাহ্ রোড, ঝিলটুলী, ডাকঘর- ফরিদপুর, উপজেলা- ফরিদপুর সদর, জেলা- ফরিদপুর, জন্ম তারিখ-০৩/০২/১৯৫৯ইং।

এই মর্মে ঘোষণাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি/ আমরা বাংলাদেশের (বা প্রযোজ্য ক্ষেত্রে অন্য দেশের নাগরিক হইলে উক্ত দেশের নাম) নাগরিক।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে,

ক) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ দালাল (বিশেষ ট্রাব্যুনাল) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং- ৮) এর অধীন ক্রোকের আওতাধীন নহে;

খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যাক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও নিষ্পত্তি) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং- ১৬) এর অর্থানুযায়ী পরিত্যাক্ত সম্পত্তি নহে;

গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাততঃ বলবৎ কোন আইনের অধীন সরকার বর্তায় নাই, বা সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হয় নাই;

ঘ) প্রস্তাবিত হস্তান্তর আপাততঃ বলবৎ অন্যকোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে;

ঙ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং- ৯৮) এর অনুচ্ছেদ ৫এ অনুযায়ী বাতিলযোগ্য নহে; এবং

চ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লিখিত সম্পত্তি হস্তান্তরকরণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

নং ৩০৭৬ তাং ২/১১/১৫

মূল্য =২০০০/-

নাম মোঃ মোহাম্মদ আলী খান

সাং রূপকথা হাউজিং মহল্লা ১/৪, আলীপুর ফরিদপুর

আবুল কালাম আজাদ
ষ্ট্যাম্প ভেন্ডার
মোকামঃ ফরিদপুর।

সদর সাব-রেজিষ্ট্রার এর কার্যালয় ফরিদপুর

সদর সাব-রেজিষ্ট্রার
ফরিদপুর।
১৫/৭/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কছ ৮৬৬৯২২৯

আমি/আমরা আরও ঘোষণা করিতেছি যে,

আমি/আমরা দলিলে বর্ণিত সম্পত্তির নিরঙ্কুশ মালিক। অন্য পক্ষের সহিত বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও বিক্রয় করি নাই বা অন্যকোন পক্ষের নিকট বন্ধক রাখি নাই। এই সম্পত্তি সরকারী খাস/অর্পিত বা পরিত্যক্ত সম্পত্তি নয় বা অন্য কোনভাবে সরকারের উপর বর্তায় নাই। দলিলে বর্ণিত কোন তথ্য ভুল ভাবে লিপিবদ্ধ হইয়া থাকিলে তজ্জন্য আমি/আমরা দায়ী হইব এবং আমি/আমাদের বিরুদ্ধে দেওয়ানী ও ফৌজদারী মামলা করা যাইবে। হস্তান্তরিত জমি সম্পর্কে কোন ভুল, অসত্য বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করিয়া থাকিলে প্রয়োজনে নিজ খরচায় ভুল শুদ্ধ করিয়া ক্ষতিপূরণসহ নূতন দলিল প্রস্তুত ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিব। উল্লেখ্য দলিলে হস্তান্তরিত সম্পত্তির মূল্য কম দেখানো হয় নাই।

দলিলে বর্ণিত সম্পত্তিতে আমার/আমাদের বৈধ স্বত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখ ঃ ১৭/০৭/২০১৮ইং

হলফকারী/হলফকারীগণের স্বাক্ষর :

শনাক্তকারীর ঘোষণা :

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী/ হলফকারীগণ আমার পরিচিত এবং আমার সম্মুখে তিনি/তাহারা দলিলে স্বাক্ষর প্রদান করিয়াছেন (বা আমি তাহার বা তাহাদের বা .........X... নং ক্রমিকধারী হলফকারীর নাম বকলমে লিখিয়া দিয়াছি)।

শনাক্তকারীর স্বাক্ষর ঃ মোঃ সোলায়মান

২২। সাব-রেজিস্ট্রারের নাম ও পদবীসহ স্বাক্ষর ও তারিখ ঃ

এ.বি.এম, নুর-উজ-জামান
সাব-রেজিস্ট্রার
ফরিদপুর সদর, ফরিদপুর।
১৬/৭/১৮

নং ৩০৭৩ তাং ৭/১১/১৫
মূল্য ২০০/-
নাম
সাং

আবুল কালাম আজাদ
ষ্ট্যাম্প ভেন্ডার
মোকামঃ ফরিদপুর।

সদর সাব-রেজিস্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

সদর সাব-রেজিস্ট্রার
ফরিদপুর।

সদর সাব-রেজিস্ট্রার এর কার্যালয়
ফরিদপুর

সদর সাব-রেজিস্ট্রার
ফরিদপুর।